# মেঘনা বুলেটিন সেপ্টেম্বর, ২০২৩: সংখ্যা: ৬৬

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



/radiomeghna99.0 radiomeghna.net

## মোবাইলে অনলাইন গেমে আসক্ত তরুন কিশোররা, নষ্ট হচ্ছে মেধাশক্তি

মোবাইল ফোনে অনলাইনে ফ্রি ফায়ার পাব-জিসহ বিভিন্ন ধরনের গেমে আসক্ত হয়ে পড়েছে চরফ্যাসনের কিশোরা। এখন আর বিকাল বেলা শিশু-কিশোরদের মাঠে খেলতে দেখা যায় না। তাদের দেখা মিলে বাড়ির কোনোয় বা রাস্তাঘাটের এক স্থানে বসে মগ্ন থাকে ভিডিও গেমস খেলায়। এতে নষ্ট হচ্ছে মেধাশক্তি।





সাক্ষাৎকার নিচ্ছেন সুরভী আক্তার, ছবি তুলেছেন মৌসুমী মনীষা, স্থান: চরফ্যাসন, তারিখ: ২৪ আগস্ট ২০২৩।


শিক্ষার্থীরা জানায়, আগে মাঠে খেলাধুলা করা হতো এখন বন্ধুদের সাথে ফ্রি ফায়ার গেইম খেলতে ভালো লাগে। মাঝে মধ্যে খেলার জন্য টাকা জোগার করতে বন্ধু বান্ধবের সাথে প্রায়ই ঝগড়া বিবাধ লেগেই থাকে। আবার কেউ কেউ বলছে, গেইম না খেললে ভালো লাগেনা সময় কাঁটাতে গেইমকে বেছে নিয়েছে।

অভিবাকরা জানান, সন্তানদের আবদার মেটাতে মোবাইল ফোন কিনে দিতে হচ্ছে। কিন্তু স্কুল কলেজ ছুটি শেষে সময় পেলেই মোবাইল নিয়ে গেইম খেলে। আর সময় মতো চাহিদা ইন্টারনেট চাহিদা মেটাতে না পারলে পরিবারে বিভিন্ন ধরনের অশান্তি তৈরি করছে।



স্থানায়ী সচেতন মহল বলছেন, বর্তমানে দিনের বেশির ভাগ সময় ছোট বড় ছেলে মিলে বাড়ির আঙ্গিনা বা রাস্তার পাশে বসে ইন্টারনেট ব্যবহার করে ফ্রিফায়ার গেইম খেলতে দেখা যায়। এক প্রকার নেশার থেকে ভয়াবহ রুপ ধারণ করছে এই ফ্রি ফায়ার গেইমটা।

চরফ্যাসন থানা ওসি মোঃ মুরাদ হোসেন বলেন, অনলাইন গেইম বা ইন্টারনেট ব্যবহারের কুফল, স্মার্ট ফোন ব্যবহারে নজরদারি করা নিয়ে বিভিন্ন সভা সেমিনারে শিক্ষার্থী ও অভিভাবকদের সচেতন করা হয় পুলিশের পক্ষ থেকে।



এই ইন্টারনেট ব্যবহারে যত্নশীল যদি না হয়, গেইম টা বন্ধ না করে তাহলে এখনকার ছেলেরা বিপদগামী হবে পড়াশোনায় মনযোগ হারিয়ে ফেলবে তাই ক্ষতিকর গেইম খেলার বিষয়ে কাজ করছেন। গেইম খেলার সময় কাউকে পেলে থানায় নিয়ে আসা হয় এবং প্রাথমিক পর্যায় সর্তক করে মুসলেখা নেওয়া হয়। এই ধরনের অপরাধে যুক্ত হলে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

প্রযুক্তির ছোঁয়ায় দিন বদল হলেও প্রযুক্তির অনিয়ন্ত্রিত ফোন ব্যবহার অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। এই মরণ বেধিঁ ভিডিও গেইম বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছে চরফ্যাসন বাসী।

## রেডিও অনুষ্ঠান শুনে নিম পাতা ব্যবহার করে দাদ দূর করার উপায় জেনেছেন দক্ষিণফ্যাসন এলাকার লাইজু



সাক্ষাৎকার নিচ্ছেন তাসপিয়া, ছবি তুলেছেন লাবনী হোসেন, স্থান: দক্ষিণ ফ্যাসন, তারিখ: ১৬ আগস্ট ২০২৩।

দাদ' ভীষণ ছোঁয়াচে হওয়ায় ছড়িয়ে পড়ে একজন থেকে অনেকের মধ্যে। ডাক্তার দেখিয়ে দামি ওষুধ খেয়ে, নিয়মিত মলম লাগিয়েও দাদমুক্ত হতে পারছেন না। এমন একজন হলে চরফ্যাসন দক্ষিন ফ্যাসনের লাউজু বেগম।

চরফ্যসন দক্ষিন ফ্যাসন এলাকার লাইজু (২৫) বেগম বলেন, আমি রেডিও শুনি আজ পাঁচ বছর ধরে। রেডিও শুনতে যেমন, ভালো লাগে তেমনেই উপকারও হয় অনেক। দুই ছেলে-মেয়ে, আমি ও আমার স্বামী মোট চারজনের সংসার বেশ গুছিয়ে রাখতে রেডিওর তথ্য গুলো অনেক উপকারে আসে। কিছু দিন আগেই তো আমি বড় একটা উপকার পেয়েছি। আমরা পুরো শরীরে দাদ ছড়িয়ে গেয়িছিল। অনেক ডাক্তার দেখিয়েএবং ঔষধ খেয়েছি। কিছু দিন দাদ কমে, ঔষধ শেষ হলে আবার বাড়ে।

একদিন রেডিও মেঘনায় শুনি যে নিম পাতা খেলে দাদ ভালো হবে। রেডিও মেঘনার উপর বিশ্বাস আছে বলে শুনেই নিম পাতা খাওয়া শুরু করি। মাত্র দুসপ্তাহে আমার সকল দাদ চলে গিয়েছে। এখন আমি আরো বেশি বেশি রেডিও মেঘার তথ্য গুলো শুনি। ধীরে ধীরে এখন আমাদের বাড়ির সবাই রেডিও মেঘনা শোনে। ধন্যবাদ রেডিও মেঘনার সবাইকে।

## রেডিও মেঘনায় সংগ্রামী নারীদের গল্প শুনে নিজের প্রতিভা'কে ত্বরান্বিত করেছেন মোসাম্মদ লিমা

নিজেকে এগিয়ে নিয়ে যেতে সংসারের কাজের পাশাপাশি বিভিন্ন কাজে নিয়োজিত হচ্ছেন গ্রামের নারীরা। ঘরের কাজের পাশাপাশি বাড়তি আয়ের জন্য কাজ করেন অনেক নারী। এমন সংগ্রামী নারীদের সফল জীবনী নিয়ে রেডিও মেঘনায় প্রচারিত হয় সফল নারী আয়োজন।



এই আয়োজনটি শুনে হাজারিগঞ্জ ৩নং ওয়ার্ডের মোসাম্মদ লিমা জাগিয়ে তুলেছেন নিজের প্রতিভাকে। তিনি জানান, প্রথমে সংসার এবং সন্তান সামলানো ছাড়া কোন কাজই করা হতো না তার। অবসর সময় আমি শুধু রেডিও শুনতাম। সফল নারী অনুষ্ঠানে শুনতাম প্রতি সপ্তাহে একেক জন নারীদের সংগ্রামী জীবনের কথা। সংসারের পাশাপাশি বাড়তি আয়ের জন্য কতটা কষ্ট করে থাকেন সংসার জীবনে এই নারীরা। এরপর আমারও মনে হলো আমি তো কিছু আয় করার চেষ্টা করতে পারি। এই চিন্তা থেকে শুরু করলাম গত বছর আগে থেকে নকশি কাঁথা সেলাই শুরু করি।

নানা ডিজাইনের ফুল আঁকতে আর তার উপর সেলাই করার প্রতি একটা ভালো লাগা ছিল। এক-দুইটা করে এভাবে করতে করেতে আমার এই পর্যন্ত বড় কাঁথা প্রায় ১১টা, ছোট কাঁথা ২৫-৩০টা বিক্রি হয়েছে। বড় কাঁথা ৬ হাজার আর ছোট কাঁথা ৬০০-৭০০ টাকায় বিক্রি করি। আমার আঁকা এবং সেলাই সবাই খুব পছন্দ করে প্রতিবেশিরা।এই ধরনের অনুষ্ঠান আমার মতো আরো নারীদেরকেও নিজেদের প্রতিভাকে কাজে লাগানো চেষ্টা করতে পারে। ধন্যবাদ জানাই রেডিও মেঘনাকে এধরনের সচেতনতা মূলক অনুষ্ঠান প্রচার করার জন্য।

## রেডিও মেঘনা'র শ্রোতা মতামত

- জাহানপু ৩নং ওয়ার্ডের বকুল ক্লাবের সদস্য রাহিমা বলেন, রুপচর্চা বিষয়ক অনুষ্ঠানটি শুনে মুখের কালো দাগ দূর করতে লেবুর রস ব্যাবহার করে আমি উপকৃত হয়েছি।
- এইচএসসি প্রথম বর্ষের ছাত্রী চরফ্যাসন পৌর ৩ ওয়ার্ডের জান্নাতুল এখনো ইংরেজি প্রাইভেট আর্থিক অসচ্চলতার কারনে পড়তে না পাড়ায় রেডিও থেকে ইংরেজি প্রোগ্রামটি শুনে সমাধানের চেষ্টা করেন। সেই সাথে রেডিও মেঘনাকে অনেক ধন্যবাদ জানান এই রকম একটি প্রোগ্রাম রাখার জন্য।
- যত্নে মিলুক সফলতা অনুষ্ঠানটি নতুন করে শুরু করায় অনেক ধন্যবাদ জানিয়েছেন অনুষ্ঠানটি কুলছুমবাগ ১নং ওয়ার্ডের নুসরাত সহ তার মায়েরও অনেক পছন্দের অনুষ্ঠান।
- রুপচর্চা বিষয়ক অনুষ্ঠানটি শুনে যেটা হাতের নাগালে পাওয়া যায় যেমন: চুলের যত্নে লেবুর রস, পেয়াজের রস ইত্যাদি এগুলো নুসরাত চেষ্টা করেন এবং উপকৃত হয়েছেন বলে জানিয়েছেন।

যোগাযোগ:
উম্মে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।